# অধ্যায়-৬: বিশেষ চাহিদাসম্পন্ন শিশু

## ★★ পাঠ-১ ও ২ অটিস্টিক শিশু | Text পৃষ্ঠা-৫৩

১. অটিজমের সুনির্দিষ্ট কারণ কী? ★ (জ্ঞান) */কিশোরগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/*
ক শারীরিক সমস্যা খ হরমোনের সমস্যা
গ মানসিক সমস্যা ঘ কারণ অজানা **ঘ**

২. তুলনামূলক অধিক হারে অটিজমে আক্রান্ত হয় কারা? ★ (জ্ঞান) */ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস/*
ক দুর্বল শিশুরা খ ছেলেরা
গ মেয়েরা ঘ বৃদ্ধরা **খ**

৩. অটিজমের ক্ষেত্রে মেয়ে ও ছেলে শিশুর অনুপাত প্রায় কত? ★ (জ্ঞান) */রাজশাহী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হেলেনাবাদ/*
ক ১:১ খ ১:২ গ ১:৩ ঘ ১:৪ **ঘ**

৪. বিশ্ব অটিস্টিক দিবস কোনটি? */অনুশীলনী-১/ /স. বো. ২০১৩/*
ক ২ ফেব্রুয়ারি খ ২ এপ্রিল
গ ২ জুন ঘ ২ জুলাই **খ**

৫. বিশ্বে অটিস্টিক দিবস পালন করা হয় কেন? (অনুধাবন)
ক শিশুদের আনন্দ দিতে
খ শিশুদের উৎসাহ দিতে
গ শিশুদের দক্ষতা বৃদ্ধিতে
ঘ সচেতনতা বৃদ্ধির জন্য **ঘ**

৬. কখন থেকে অটিস্টিক শিশুর বিকাশ বাধাগ্রস্ত হয়? (জ্ঞান)
ক জন্মের পর থেকে খ শৈশব থেকে
গ কৈশোর থেকে ঘ তারুণ্য থেকে **ক**

৭. অটিজমের লক্ষণগুলো প্রকাশ পায় কত বছরের মধ্যে? (জ্ঞান)
ক ১-$১\frac{১}{২}$ বছর খ $১\frac{১}{২}$ — $২\frac{১}{২}$ বছর
গ $১\frac{১}{২}$ — ৩ বছর ঘ $২\frac{১}{২}$ বছর — ৪ বছর **গ**

৮. অটিজম শিশু বিকাশের কতটি ক্ষেত্রে প্রভাব ফেলে? ★ (জ্ঞান) */মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা/*
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি **খ**

৯. অটিস্টিক শিশুর অন্য ব্যক্তির প্রতি আগ্রহ থাকে না কেন? (অনুধাবন)
ক আচরণের অসঙ্গতির জন্যে
খ মানসিক রোগের জন্যে
গ যোগাযোগের সীমাবদ্ধতার জন্যে
ঘ সামাজিক মিথস্ক্রিয়ার সীমাবদ্ধতার জন্যে **ঘ**

১০. কোন শিশুরা মা-বাবার চোখে চোখ রেখে কথা বলতে পারে না? */স. বো. ২০১৩/*
ক অটিস্টিক খ প্রতিভাবান
গ প্রতিবন্ধী ঘ স্বাভাবিক **ক**

১১. সামাজিক মিথস্ক্রিয়তার সীমাবদ্ধতার জন্য শিশু কোন আচরণটি করে থাকে? */স. বো. ২০১৩/*
ক থার্ড পার্সনে কথা বলে
খ একই শব্দ বার বার উচ্চারণ করে
গ অন্যের সংস্পর্শ অপছন্দ করে
ঘ রুটিন মেনে চলতে পছন্দ করে **গ**

১২. অটিস্টিক শিশুদের বৈশিষ্ট্য কোনটি? (অনুধাবন)
ক অন্যের আচরণ বুঝতে পারে
খ চোখে চোখ রেখে তাকায়
গ কারো প্রতি আগ্রহী নয়
ঘ নাম ধরে ডাকলে সাড়া দেয় **গ**

১৩. কোনটির অক্ষমতা অটিস্টিক শিশুদের মধ্যে প্রকটভাবে দেখা যায়? (অনুধাবন)
ক কৌতূহল থাকার খ পড়াশোনা করার
গ চোখে চোখ রেখে যোগাযোগের
ঘ রুটিনমতো চলার **গ**

১৪. অটিস্টিক শিশুরা কত বছর বয়সেও দু'তিন শব্দের বেশি দিয়ে বাক্য তৈরি করতে পারে না? (জ্ঞান)
ক ২-৩ খ ২-৫ গ ৩-৪ ঘ ৩-৫ **ঘ**

১৫. অটিস্টিক শিশুদের ছড়া বলার ধরন কোনটি? (অনুধাবন)
ক অল্প শব্দের ব্যবহার খ সম্পূর্ণ ছড়া বলা
গ অর্ধেক ছড়া বলা ঘ কিছু কিছু লাইন বলা **ক**

১৬. অটিস্টিক শিশুরা কী ধরনের আচরণ করে থাকে? (জ্ঞান)
ক সহনশীল খ পুনরাবৃত্তিমূলক
গ বৈচিত্র্যময় ঘ ধৈর্যশীল **খ**

১৭. অটিস্টিক শিশুরা কোন কাজে দীর্ঘসময় কাটায়? (অনুধাবন)
ক আনন্দদায়ক কাজে খ গঠনমূলক কাজে
গ পুনরাবৃত্তিমূলক কাজে ঘ আবিষ্কারমূলক কাজে **গ**

১৮. অনেক অস্টিস্টিক শিশু কীভাবে পেন্সিল ধরে? (জ্ঞান)
ক স্বাভাবিক কায়দায় খ মুঠোবন্দী করে
গ তিন আঙ্গুল দিয়ে ঘ দুহাত দিয়ে **খ**

১৯. বিশেষ চাহিদাসম্পন্ন শিশুরা প্রায়ই কীভাবে দীর্ঘ সময় কাটায়? */স. বো. ২০১৪/*
ক আনন্দ উচ্ছ্বাসে খ ধৈর্যের সাথে
গ সহনশীলভাবে ঘ পুনরাবৃত্তিমূলক কাজে **ঘ**

২০. অটিস্টিক শিশুরা কোন বিষয়টি পছন্দ করে? (অনুধাবন)
ক বেশি কথা বলা খ রুটিন মেনে চলা
গ কারও সংস্পর্শে যাওয়া
ঘ চোখে চোখ রেখে যোগাযোগ **খ**

২১. অটিস্টিক শিশুদের মধ্যে শতকরা কতজনের খিঁচুনি থাকতে পারে? ★ (জ্ঞান) */কাদিরাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, নাটোর/*
ক ১০% খ ১৫% গ ২০% ঘ ২৫% **ঘ**

২২. শতকরা কতজন অটিস্টিক শিশুর বুদ্ধিবৃত্তীয় অক্ষমতা থাকে না? (অনুধাবন)
ক ১০-২০% খ ২০-৩০%
গ ৩০-৪০% ঘ ৪০-৫০% **খ**

২৩. কোন ধরনের অক্ষমতা না থাকাকে অটিজমের অ্যাসপারগার সিনড্রোম বলে? ★ (জ্ঞান) */সিলভার বেলস গার্লস হাইস্কুল, চট্টগ্রাম/*
ক ভাষাগত খ বুদ্ধিবৃত্তীয়
গ সামাজিক মিথস্ক্রিয়ার
ঘ আচরণগত **খ**

২৪. অ্যাসপারগার সিন্ড্রোমের লক্ষণ হলো— */স. বো. ২০১৫/*
ক যুক্তিপূর্ণ কথা বলা
খ অন্যদের সাথে সহজেই মিশতে পারা
গ বাবা-মার মতামতের প্রাধান্য দেয়া
ঘ বিশেষ কোনো বিষয়ে দক্ষতা থাকা **ঘ**

২৫. অটিস্টিক শিশুদের বিশেষ শিক্ষাদানের উদ্দেশ্য কোনটি? ★ (অনুধাবন) */ক্যান্টনমেন্ট ইংলিশ স্কুল, চট্টগ্রাম/*
ক সম্পূর্ণ সুস্থ করা
খ বুদ্ধিবৃত্তীয় ক্ষমতা উন্নয়ন
গ অক্ষমতা কমিয়ে আনার চেষ্টা
ঘ শিক্ষিত করে তোলা **গ**

teachingbd.com

২৬. অটিস্টিক শিশুদের আত্মনির্ভরশীলতা অর্জনে কী প্রয়োজন হয়? *[সি. বো. ২০১৬]*
ক) সহানুভূতি খ) সহমর্মিতা
গ) সহযোগিতা ঘ) উপযোগ **গ**

২৭. বিশেষ চাহিদাসম্পন্ন শিশু বলতে বোঝায়— (অনুধাবন)
i. প্রতিবন্ধী শিশু
ii. স্বাভাবিক শিশু
iii. প্রতিভাবান শিশু
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii **গ**

২৮. অটিজম হলো— ★ (অনুধাবন) *[ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস]*
i. বিকাশগত অক্ষমতা
ii. বর্ধনগত অক্ষমতা
iii. নিউরোবায়োলজিক্যাল ডিজঅর্ডার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii **গ**

২৯. অটিস্টিক শিশুর বৈশিষ্ট্য হলো— (অনুধাবন)
i. বিশেষ আচরণ বার বার করে
ii. ডাকলে সাড়া দেয় না
iii. কারও সংস্পর্শে যেতে চায় না
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii **ঘ**

৩০. অটিস্টিক শিশুর সীমাবদ্ধতাগুলো হলো— ★ (অনুধাবন) *[সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]*
i. বুদ্ধিবৃত্তীয়
ii. আচরণগত
iii. আর্থিক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii **ক**

৩১. অটিস্টিক শিশুদের আত্মনির্ভরশীলতা অর্জনে প্রয়োজন— ★ (অনুধাবন)
i. যথাযথ সহযোগিতা
ii. বিশেষ শিক্ষা
iii. আর্থিক সহায়তা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii **ক**

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও:**
সজল ও বাবুল দুই ভাই। ছোট ছেলে সজল একা একা খেলতে পছন্দ করে। চোখে চোখে তাকায় না। বাবা-মা ও অন্য শিশুর সাথে ঠিকভাবে কথা বলতে সমস্যা হয়। দিন দিন তার আচরণে অনগ্রসরতা দেখা যায়। *[অনুশীলনী-৩ ও ৪]*

৩২. সামাজিক সম্পর্ক গড়ে তুলতে সজলের সমস্যা হলো—
ক) অন্যকে খেয়ালই করে না এমন আচরণ করা
খ) পরিচিত মুখ দেখলে হাসে কিন্তু চেনে না
গ) ক্ষুধা পেলে তার মাকে প্রকাশ করে দেখায়
ঘ) খেলনা পেলে অন্যদের সঙ্গে খেলা শুরু করে **ক**

৩৩. সজলের বাবা-মার এ অবস্থায় যথোপযুক্ত ব্যবস্থা হলো—
i. অন্যের সাথে সজলের সম্পর্ক গড়ে তোলার চেষ্টা করবেন
ii. তার প্রতিভার সন্ধান করবেন
iii. তাকে বিশেষ স্কুলে ভর্তি করে দেবেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

**নিচের চিত্রটি লক্ষ করে ৩৪ ও ৩৫নং প্রশ্নের উত্তর দাও।**




★ *[ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]*

৩৪. চিত্রের এই ত্রিমুখী সীমাবদ্ধতাটি কীসের? (প্রয়োগ)
ক) অটিজম খ) ম্যারাসমাস
গ) পোলিও ঘ) রিকেটস **ক**

৩৫. চিত্রটি থেকে বোঝা যায় শিশুটির— (উচ্চতর দক্ষতা)
i. বাকশক্তি স্বাভাবিক হওয়া সত্ত্বেও স্বাচ্ছেন্দ্যে কথা বলতে না পারা
ii. পুনরাবৃত্তিমূলক আচরণ না করা
iii. দৃষ্টিশক্তি স্বাভাবিক হওয়া সত্ত্বেও চোখে চোখ রেখে কথা বলতে না পারা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii **গ**

**অনুচ্ছেদটি পড়ে ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও:**
রাফসান তার দাদির মুখে মুখে ছড়া বলছিল। কিন্তু সে 'আয় চাঁদ টিপ যা' বার বার উচ্চারণ করছিল। দাদি বেশ কিছু দিন ধরে দেখছেন রাফসান তার চোখের দিকে তাকায় না। কারও কোলে যায় না। ★ *[বরগুনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*

৩৬. রাফসান একজন— (প্রয়োগ)
i. অটিস্টিক শিশু
ii. বিশেষ চাহিদাসম্পন্ন শিশু
iii. প্রতিভাবান শিশু
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

৩৭. রাফসানের দাদি কীভাবে রাফসানের আচরণের উন্নয়ন ঘটাবেন? (উচ্চতর দক্ষতা)
ক) বিশেষ শিক্ষা প্রশিক্ষণের মাধ্যমে
খ) রাফসানের বাবার সাহায্যে
গ) রাফসানকে দ্রুত স্কুলে ভর্তি করে
ঘ) খেলাধুলার ব্যবস্থা করে **ক**

## ★★ পাঠ-৩ প্রতিভাবান শিশু | Text পৃষ্ঠা-৫৭

৩৮. কোন ধরনের শিশুরা একাধিক ক্ষমতার উল্লেখযোগ্য পারদর্শিতা দেখায়? (অনুধাবন)
ক) প্রতিভাবান শিশু খ) বুদ্ধি প্রতিবন্ধী শিশু
গ) সাধারণ বুদ্ধিসম্পন্ন শিশু
ঘ) অটিস্টিক শিশু **ক**

৩৯. কোনো শিশুর মধ্যে বিভিন্ন দক্ষতা ও গুণাবলির সমন্বয় ঘটলে তাকে কোন ধরনের শিশু বলা হবে? ★ (জ্ঞান) *[জালালাবাদ ক্যান্টনমেন্ট কেজি হাইস্কুল, সিলেট]*
ক) বিশেষ শিশু খ) দক্ষতাসম্পন্ন শিশু
গ) প্রতিভাবান শিশু ঘ) সাধারণ শিশু **গ**

৪০. প্রতিভাবান শিশু তারা — *[অনুশীলনী-২]*
ক) যাদের বুদ্ধিমত্তা স্বাভাবিক হয়
খ) যারা ছোটদের খুবই স্নেহ করে
গ) যারা যুক্তিপূর্ণ কথা বলে
ঘ) যারা অন্যদের সাথে সহজে মেশে না **গ**

Teachingbd.com

৪১. প্রতিভাবান শিশুদের প্রতিভার সর্বোচ্চ বিকাশের জন্যে কী প্রয়োজন? (জ্ঞান) /বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম/
ক দামি খাবার খ ভালো পোশাক
গ বিশেষ ধরনের পরিবেশ
ঘ সবার মনোযোগ **গ**

৪২. প্রতিভাবান শিশুদের উন্নত পরিবেশ প্রয়োজন কেন? (উচ্চতর দক্ষতা) /বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস্ পাব স্কুল এন্ড কলেজ, ঢাকা/
ক ভালোভাবে শেখার জন্য
খ খেলাধুলা করার জন্য
গ প্রতিভার সর্বোচ্চ বিকাশের জন্য
ঘ চিন্তা করার জন্য **গ**

৪৩. প্রতিভাবান শিশুর বিকাশের জন্য সবচেয়ে বেশিপ্রয়োজন কোনটি? /দি বো ২০১৬/
ক বন্ধুদের সহযোগিতা খ শিক্ষকের সান্নিধ্য
গ উন্নত পরিবেশ ঘ স্বজনদের উৎসাহ **গ**

৪৪. প্রতিভাবান শিশুদের কী পরিমাপ করা হয়? (জ্ঞান) /ওয়াই ডব্লিউ সি এ বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা/
ক শারীরিক বয়স খ মানসিক বয়স
গ প্রতিভার ক্ষমতা ঘ শব্দভান্ডার দক্ষতা **খ**

৪৫. বুদ্ধি পরিমাপের একককে কী বলে? (জ্ঞান) শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা/
ক বুদ্ধ্যাংক খ গণনাংক
গ ফলাংক ঘ সাফলাংক **ক**

৪৬. বুদ্ধি প্রতিবন্ধীদের IQ সাধারণত কত থাকে? (জ্ঞান) /বিদ্যাময়ী সরঃ গার্লস হাই স্কুল, ময়মনসিংহ/
ক ৭০ এর নিচে খ ৮০ এর নিচে
গ ৯০ এর নিচে ঘ ১০০ এর নিচে **ক**

৪৭. সাধারণ বুদ্ধিসম্পন্ন শিশুর IQ কত? /স. বো. ২০১৫/
ক ৭০ খ ১০০ গ ১১০ ঘ ১৩০ **খ**

৪৮. প্রতিভাবান শিশুদের IQ কত থাকে? (জ্ঞান) /সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয়/
ক ১০০ এর বেশি খ ১১০ এর বেশি
গ ১২০ এর বেশি ঘ ১৩০ এর বেশি **ঘ**

৪৯. কোন শিশুরা পর্যবেক্ষণ ও পরীক্ষা নিরীক্ষা করে অনেক কিছু শেখে? (জ্ঞান)
ক বুদ্ধি প্রতিবন্ধী খ সাধারণ বুদ্ধি সম্পন্ন
গ শ্রবণ প্রতিবন্ধী ঘ প্রতিভাবান **ঘ**

৫০. কোন ধরনের শিশুরা লেখাপড়ায় উল্লেখযোগ্য সাফল্য প্রদর্শন করে? (জ্ঞান)
ক সাধারণ শিশু খ দৃষ্টি প্রতিবন্ধী শিশু
গ অটিস্টিক শিশু ঘ প্রতিভাবান শিশু **ঘ**

৫১. প্রতিভাবান শিশুদের নেতৃত্ব দেওয়ার ক্ষমতা, দৃঢ় আত্মবিশ্বাস কোন ধরনের দক্ষতা প্রদর্শন করে? (অনুধাবন) /সরঃ মডেল গার্লস হাই স্কুল, ব্রাহ্মণবাড়িয়া/
ক মানসিক খ সামাজিক
গ রাজনৈতিক ঘ পারিবারিক **খ**

৫২. প্রতিভাবান শিশুর বহুবিধ বিষয়ে জ্ঞান অর্জনের ব্যবস্থা করা প্রয়োজন কেন? (উচ্চতর দক্ষতা)
ক আরও প্রতিভাবান হওয়ার জন্যে
খ নেতৃত্ব দেওয়ার জন্যে
গ অন্যদের চেয়ে আলাদা হওয়ার জন্যে
ঘ ক্ষমতার পূর্ণ বিকাশের জন্যে **ঘ**

৫৩. শিশুর বুদ্ধিমত্তার সর্বোচ্চ বিকাশ কীভাবে ঘটে? (অনুধাবন) /চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/
ক দৃঢ় আত্মবিশ্বাসে খ উপযুক্ত পরিবেশে
গ পারদর্শিতার মাধ্যমে
ঘ নেতৃত্ব দেওয়ার মাধ্যমে **খ**

৫৪. প্রতিভাবান শিশুর বৈশিষ্ট্য— (অনুধাবন) /কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয়/
i. সমস্যা সমাধানের দক্ষতা
ii. মানসিক দক্ষতা
iii. সৃজনশীলতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৫৫. প্রতিভাবান শিশুদের— (অনুধাবন)
i. শব্দভাণ্ডার সমৃদ্ধ থাকে
ii. মনোযোগ বেশি থাকে
iii. স্মরণশক্তি ভালো থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৫৬. প্রতিভাবান শিশুদের চিন্তাভাবনায় থাকে— (অনুধাবন)
i. বৈচিত্র্যহীনতা ii. স্বাতন্ত্র্য
iii. নিজস্বতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **খ**

৫৭. প্রতিভাবান শিশুদের জন্যে আমাদের করণীয় হলো— (প্রয়োগ)
i. বহুবিধ বিষয়ে জ্ঞান অর্জনের ব্যবস্থা
ii. উপযুক্ত ক্ষেত্রে মেধা বিকাশের সুযোগ সৃষ্টি
iii. পাঠ্যবিষয় সমৃদ্ধকরণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৫৮. প্রতিভাবান শিশুদের পাঠ্যবিষয় করা যেতে পারে— (অনুধাবন) /হলিক্রস গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা/
i. ত্বরান্বিতকরণ
ii. সমৃদ্ধকরণ
iii. চিত্তাকর্ষককরণ
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

৫৯. প্রতিভাবান শিশুর প্রতিভার পূর্ণ বিকাশ হয়— (অনুধাবন) /চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/
i. বিশেষ যত্নের মাধ্যমে
ii. উন্নত পরিবেশের মাধ্যমে
iii. আত্মবিশ্বাসের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

নিচের অনুচ্ছেদটি পড়ে ৬০ ও ৬১ নং প্রশ্নের উত্তর দাও:
ইনু পড়াশোনায় যেমন ভালো ফলাফল করে, তেমনি সুন্দর ছবি আঁকতে পারে। ক্লাসের যেকোনো পড়া একবার পড়লেই বুঝতে পারে। যেকোনো সমস্যার সমাধান সহজেই করে।

৬০. ইনু কোন প্রকৃতির শিশু? (প্রয়োগ)
ক প্রতিভাবান খ প্রতিবন্ধী
গ শারীরিকভাবে সুস্থ
ঘ শারীরিকভাবে অসুস্থ **ক**

৬১. ইনুর বিকাশের জন্যে প্রয়োজন— (উচ্চতর দক্ষতা)
i. উপযুক্ত পরিবেশ
ii. বিশেষ যত্ন
iii. বন্ধুদের সহযোগিতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

http://teachingbd.com